স্বর্গীয় সতীশচন্দ্র সরকার মহাশয়ের প্রতিষ্ঠিত

## হ্যানিম্যান হল

মুর্শিদাবাদ জেলার আদি ও শ্রেষ্ঠতম
হোমিও প্রতিষ্ঠান

হোমিওপ্যাথিক ও বাইওকেমিক ঔষধ কলিকাতার দরে বিক্রয় হয়। পাইকারী গ্রাহকদের বিশেষ সুযোগ ও সুবিধা দেওয়া হয় আমরা যত্নের সহিত ভি. পি. যোগে মফঃস্বলে ঔষধ সরবরাহ করি।

হোমিও পেটেণ্ট **"আইওলিন"**
চক্ষু ওঠায় ফল সুনিশ্চিত।

**হ্যানিম্যান হল,** খাগড়া, মুর্শিদাবাদ
বিঃ দ্রঃ—কোন ব্রাঞ্চ নাই।

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ
সাপ্তাহিক সংবাদ-পত্র

## বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট
**পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ**
জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।
★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।
★ কলিকাতার মত এক্সরে করা হয়।
★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৪৯শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২রা শ্রাবণ বুধবার ১৩৬৯ ইংরাজী 18th July 1962 { ১০ম সংখ্যা




## রান্নায় আনন্দ

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।




## খাস জনতা
কেরোসিন কুকার

প্রস্তুতকারক:
দি ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ
৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

**জঙ্গিপুর সংবাদ** সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ২.২৫ নঃ পঃ, নগদ মূল্য ০৬ নঃ পঃ। বিজ্ঞাপনের হার প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন। ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

বিনীত—শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)

হাতে কাটা
**বিশুদ্ধ পৈতা**
পণ্ডিত-প্রেসে পাইবেন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

২রা শ্রাবণ বুধবার সন ১৩৬৯ সাল।


## "লাথির ঢেঁকি চুমোয় উঠে না"

—•—

পাড়াগাঁয়ে এই প্রবাদটি খুব প্রচলিত আছে। ঢেঁকির দ্বারা কাজ নিতে অর্থাৎ ধান ভানিতে হইলে তার পিছন দিকে লাথি মারিয়া কাজ নিতে হয়। যদি ঢেঁকির পিছনে লাথি না মারিয়া আদর করিয়া চুম্বন দিয়া বল—"বাবা ঢেঁকি! আমার ধানগুলি ভানিয়া দিবে?" ঢেঁকি একটুও নড়িবে না।

"হিন্দী চীনী ভাই ভাই" সম্বন্ধে চীনেরা ভারতের সীমানা দখল করিয়া এগিয়ে আসা ছাড়া পিছোয় নি। ১৫ই জুলাই সংবাদপত্র সমূহে চীনাদের পশ্চাদপসরণ সংবাদ প্রকাশিত হয়েছে। তা যত সামান্যই হোক পিছিয়েছে।

ভারত সরকার সম্প্রতি চীনের প্রতি এক নোটে চীন সরকারের আক্রমণাত্মক নীতি বর্জ্জন করিয়া উভয় দেশের মধ্যে সীমানার মর্য্যাদা রক্ষার জন্য পুনরায় তাঁহাদের প্রতি আহ্বান জানাইয়াছেন। নোটে বলা হয় যে, চীন ও ভারতের মধ্যে যে সীমারেখা নির্দ্ধারিত হইয়াছে উহা আইন এবং ইতিহাসের দ্বারা অনুমোদিত। ভারত সরকারের নোটে এ কথাও বলা হয় যে, চীন যদি সীমারেখা মানিয়া লয় তবেই উভয় দেশের মধ্যে মৈত্রী এবং শুভেচ্ছা পুনঃ প্রতিষ্ঠিত হইতে পারে। উভয় দেশের মধ্যে ব্যবসা ও বাণিজ্যিক লেনদেন সম্পর্কে নূতন চুক্তির আলোচনা এবং একমাত্র ঐভাবেই এশিয়ায় শান্তি জোরদার হইতে পারে।

জনৈক সরকারী মুখপাত্রের ঘোষণায় জানা যায় যে, গালোয়ান উপত্যকায় ভারতীয় ঘাঁটী অবরোধকারী চীনা ফৌজ অদ্য সকালে ঘাঁটী হইতে ২০০ গজ পশ্চাদপসরণ করিয়াছে। গতকল্য চীনা ফৌজ ভারতীয় ঘাঁটীর ১৫ গজের মধ্যে অগ্রসর হইয়াছিল, অদ্য সকালে তাহারা ঘাঁটী হইতে ২০০ গজ পিছাইয়া গিয়াছে। মুখপাত্র বলেন যে, ভারতীয় ঘাঁটীর সংখ্যাল্প সৈন্যদলের দৃঢ় মনোভাব এবং চীনারা অগ্রসর হইলে তাহাদের প্রতিরোধ করা হইবে এই মর্ম্মে যে সতর্কবাণী করা হইয়াছিল উহা বিবেচনা করিয়া চীনা ফৌজ সংখ্যায় বিপুল হইলেও ঘাঁটী হইতে পশ্চাদপসরণ করিয়াছে। গত ১০ই জুলাই হইতে গালোয়ান উপত্যকায় চীনা ফৌজ ভারতীয় ঘাঁটীটি ঘেরাও করিয়াছিল। চীনা সৈন্যের সংখ্যাও ভারতীয় সৈন্য অপেক্ষা বেশী। গতকল্য চীনা ফৌজ ভারতের প্রতিবাদ ও সাবধানবাণী সত্ত্বেও ১৫ গজ পর্য্যন্ত অগ্রসর হইয়াছিল।

ভারতীয় ঘাঁটীর সৈন্যেরা চীনাদের এই বলিয়া সাবধান করিয়া দিয়াছিল যে, তাহারা আর বেশী অগ্রসর হইলে গুলী করা হইবে এবং ভারতীয় বাহিনী আত্মরক্ষার ব্যবস্থাও করিবে। চীনাদের এই আক্রমণের সম্মুখে ভারতীয় ফৌজ দৃঢ় মনোবল ও সাহসের পরিচয় দিয়াছে।

---

## গত রবিবার বিধানচন্দ্র রায় স্মৃতি দিবস পালিত

নিরলস কর্ম্ম সাধনার যে উজ্জ্বল দৃষ্টান্ত আমাদের সম্মুখে রাখিয়া গিয়াছেন, তাহাই তাঁহার স্মৃতিকে আমাদের অন্তরে চিরজাগ্রত করিয়া রাখিবে।

শ্রীমতী রেণুকা রায় এম-পি সভানেতৃত্ব করেন। তিনি বিধানচন্দ্র রায় নববিধানাচার্য্য ব্রহ্মানন্দ কেশবচন্দ্র সেনের আদর্শে অনুপ্রাণিত হইয়া আর্ত্তের সেবায় প্রথম জীবনে কিভাবে নিজেকে নিয়োগ করেন তাহার উল্লেখ করিয়া বলেন যে, বিধানচন্দ্র ছিলেন সেবাব্রতী, পরহিতেই তিনি আত্মোৎসর্গ করিয়াছিলেন। এই সেবা ধর্ম্মই তাহাকে নিষ্কাম কর্ম্মময় জীবন যাপনের প্রেরণা দিয়াছিল।

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায় বলেন, ডাঃ বিধানচন্দ্র রায় ছিলেন অসাধারণ ব্যক্তিত্ব-সম্পন্ন পুরুষ। দেশের এক সঙ্কটময় মুহূর্ত্তে আমরা পাইয়াছিলাম তাঁহার সার্থক নেতৃত্ব। সকল বাধাবিঘ্ন অতিক্রমে তাঁহার অনমনীয় দৃঢ়তা আমাদের প্রেরণা দিয়াছে।

শ্রীমতী মীরা দত্তগুপ্তা বলেন, বিধানচন্দ্র রায় ছিলেন মানবদরদী। তিনি আত্মদানের আদর্শ আমাদের সম্মুখে রাখিয়া গিয়াছেন।

শ্রীমতী রেণু চক্রবর্ত্তী বলেন, ডাঃ বিধানচন্দ্র রায়ের জীবনে তাঁহার মাতৃদেবী অঘোরকামিনীর পূতঃ চরিত্রের প্রভাব পড়িয়াছিল অত্যধিক। সত্যের প্রতি ঐকান্তিক নিষ্ঠা, মমত্ববোধ, জনসেবা প্রভৃতি গুণাবলী তিনি মায়ের নিকট হইতেই পাইয়াছিলেন। সরকারী চাকুরিয়া হইলেও বিধানচন্দ্রের পিতা ছিলেন জাতীয়তাবাদী।

শ্রীমতী মৈত্রেয়ী বসু, লেডী রাণু মুখোপাধ্যায় প্রমুখ বিশিষ্ট মহিলাগণ বিধানচন্দ্রের চরিত্রের গুণাবলী আলোচনা করিয়া শ্রদ্ধা নিবেদন করেন।

---

## রঘুনাথগঞ্জ হাই স্কুলের কার্য্য নির্ব্বাহক সমিতি

গত ৭ই জুলাই শনিবার জঙ্গিপুরের মহকুমা শাসক শ্রীঅমলকৃষ্ণ গুপ্ত মহাশয়ের সভাপতিত্বে রঘুনাথগঞ্জ হাই স্কুলের কার্য্য নির্ব্বাহক সমিতির কর্ম্মকর্ত্তা নির্ব্বাচিত হইয়াছেন।

জঙ্গিপুরের মহকুমা শাসক—সভাপতি,
ডাঃ শ্রীশান্তিময় রায় চৌধুরী—সহ-সভাপতি,
ডাঃ শ্রীগৌরীপতি চট্টোপাধ্যায়—সম্পাদক

---

## সমানাধিকার

করাচী, ১১ই জুলাই—প্রত্যেক মুসলমান পুরুষের চারিটি করিয়া স্ত্রী রাখার অধিকার যদি মোল্লারা সমর্থন করে তবে প্রত্যেক মুসলমান নারীর চারিটি করিয়া স্বামীর অধিকারও তাহাদের মানিয়া লইতে হইবে। গতকাল এখানে অনুষ্ঠিত বারটি মহিলা সমিতির এক যুক্ত সভায় এই দাবি তোলা হয়। পারিবারিক বিধি অডিন্যান্স (পুরুষের বহু বিবাহ নিয়ন্ত্রণই ইহার উদ্দেশ্য) নাকচ করার জন্য যে চেষ্টা সুরু হইয়াছে তাহার বিরোধিতার জন্যই এই সভা ডাকা হইয়াছিল।

---

## গোলামের কুড়ি ফোঁটা

অনেক ধনীর বাড়ীতে
আছে দান ধর্ম্ম ভারী,
সেকাজেও উপরি মারে
চাকর ও কর্ম্মচারী।
ধনী দেন যদি হুকুম,
বিলাও চার আনা দরে.
চৌদ্দটি পয়সা দিয়ে
দু'পয়সা লভ্য করে।
হুকুম দেন আরদালীকে
কাঙ্গালে চা'ল বিলাতে,
হুকুম করিয়া হুজুর
ধূম টানে আলবোলাতে।
ধর্ম্মটা হলো কত
দেখেন্না আপন চোকে,
বিলে সই করে শেষে
জমা খরচটা দেখে।
সেরেস্তা দুরস্ত চাই,
ভুল নাহি থাকে ঠিকে।
সম্মুখে ছুঁচ চলে না
হাতী যায় পিছন দিকে।
গেজেটে প্রকাশ হলো,
'দিয়েছেন হাজার টাকা।'
গোলামে আধেক খেলে,
কাঙ্গালে পড়লো ফাঁকা।
অনেকের গৃহে আছে,
প্রাত্যহিক সদাব্রত
জমাদার বিলোয় চাউল
তাহার যা ইচ্ছামত।
দানেতে মুক্ত তাহার
বাঁ হাতের মুষ্টি সদা,
মুখেতে মিষ্ট বুলি
'শ্বশুরা' 'হারামজাদা',
শুনহে দাতা ধনী
তোমাদের বুদ্ধি মোটা,
তোমাদের দরবারেতে
গোলামের কুড়ি ফোঁটা।

---

## বনোমহোৎসব

বিগত ৯ই জুলাই সোমবার ত্রয়োদশ বর্ষ বনমহোৎসব উপলক্ষে জঙ্গিপুরের মহকুমা শাসক শ্রীঅমলকৃষ্ণ গুপ্ত মহাশয় ফৌজদারী আদালত প্রাঙ্গণে একটি 'ইউক্যালিপ্টাস' বৃক্ষ রোপণ করেন। এই উৎসবে স্থানীয় সরকারী কর্ম্মচারিগণ ও সহরের গণ্যমান্য ব্যক্তিগণ যোগদান করিয়াছিলেন।

---

## জ্বালানী হিসাবে জল

নয়াদিল্লী, ১৬ই জুলাই—এখানে প্রাপ্ত এক সংবাদে প্রকাশ, অদূর ভবিষ্যতে সাইবেরিয়া মরুভূমি তলদেশের উত্তপ্ত জল জ্বালানী হিসাবে ব্যবহৃত হইবে। গবেষণারত ডাঃ নিকোলাই বলেন যে, ঐ মরুভূমির নীচেকার জলে প্রচুর পরিমাণে মেনথল আছে। এই 'উত্তপ্ত জল' সাধারণতঃ ৫০০০ হাজার হইতে ১০০০০ ফুট তলায় থাকে। মেনথল ছাড়াও উক্ত জলে প্রচুর পরিমাণে ক্লোরিন, মেডিসাম আছে বলিয়া প্রকাশ।

---

## আরও দুইটি সেতু কলিকাতার গঙ্গার উপর নির্ম্মাণের প্রস্তাব

কলিকাতায় গঙ্গার উপরে এখন আরও দুইটি সেতু নির্ম্মাণের প্রস্তাব বিবেচিত হইতেছে বলিয়া জানা গিয়াছে। মেটিয়াবুরুজ এবং আউটরাম ঘাটের নিকট এই সেতু দুইটির স্থান নির্ব্বাচনের সম্ভাবনা দেখা দিয়াছে। হাওড়া পুলের উপর হইতে যানবাহন এবং মানুষের ভিড়ের চাপ হাল্কা করিবার জন্য কিছুদিন পূর্ব্বে একটি নূতন সেতু নির্ম্মাণের প্রস্তাব হয়। কিন্তু স্থান নির্ব্বাচনের সময় কলিকাতা বন্দরের জাহাজ বার্থ করার সমস্যাটি প্রধান হইয়া দেখা দেয়। এখন মোটামুটি প্রস্তাব হইয়াছে যে মেটিয়াবুরুজের নিকট একটি উঁচু সেতু নির্মিত হইবে।

---


## জঙ্গীপুর কলেজ (মুর্শিদাবাদ)

প্রি-ইউনিভারসিটি, ত্রৈবার্ষিক বি, এ, বি, এস্ সি ও দ্বিতীয় বর্ষ (আই, এ, ও আই, এস্, সি, কৃতকার্য্য ছাত্রদের জন্য) বি, এ, বি, এস্, সিতে সমস্ত প্রধান প্রধান কলা/বিজ্ঞান বিষয় সমূহে ভর্ত্তি চলিতেছে। বিশ্ববিদ্যালয়ের পরীক্ষার ফল বিশেষতঃ বিজ্ঞানের ক্ষেত্রে সাফল্য সর্ব্বজন স্বীকৃত।

প্রচুর টিউটোরিয়াল এবং প্র্যাকটিক্যাল মাধ্যমে ছাত্র শিক্ষক সংযোগে সুযোগ। বিরাট লাইব্রেরী ও পাঠাগার। Lending section এর উদার আয়োজন। বৈদ্যুতিক আলোযুক্ত ছাত্রাবাসে এখনও স্থান আছে। মনোরম পরিবেশের মধ্যে ভাগীরথীর তীরে কলেজ অবস্থিত। কলেজের নিজস্ব মাঠে খেলাধুলা ও এন, সি, সির শিক্ষার ব্যবস্থা আছে। সুন্দর আবহাওয়া ও স্বাস্থ্যকর স্থান। দরিদ্র ও মেধাবী ছাত্রদের উদার সাহায্য ও বৃত্তি।


---

## টেণ্ডার নোটিশ

এতদ্দ্বারা জিনদীঘি সিনিয়ার বেসিক স্কুলের বিদ্যালয় গৃহ এবং শিক্ষকাবাস নির্ম্মাণের জন্য টেণ্ডার আহ্বান করা যাইতেছে। উক্ত টেণ্ডার আগামী ২২।৭।৬২ তারিখ বেলা ৩ ঘটিকা মধ্যে জঙ্গিপুর মহকুমা শাসক মহাশয়ের নিকট জমা দিতে হইবে। প্রতি টেণ্ডারের সহিত জঙ্গিপুর ষ্টেট ব্যাঙ্কে জিনদীঘি সিনিয়ার বেসিক স্কুলের চলতি হিসাবে নগদ দুইশত টাকা জমা দেওয়ার প্রমাণ পত্র দাখিল করিতে হইবে। টেণ্ডার ঐদিন বেলা ৩-৩০ ঘটিকার সময় খোলা হইবে। গৃহ নির্ম্মাণের Plan এবং Estimate বিদ্যালয়ের প্রধান শিক্ষকের নিকট দেখিতে পাওয়া যাইবে।

সেক্রেটারী—
জিনদীঘি সিনিয়ার বেসিক স্কুলের এ্যাড্‌হক কমিটী
পোঃ তাঁতিবিরল (মুর্শিদাবাদ)

---


## পোক্তা বাড়ী বিক্রয়

রঘুনাথগঞ্জ ফাঁসীতলায় পার্ব্বতী বাবু ডাক্তারের ডিস্পেন্সারীর সম্মুখে ৪নং ওয়ার্ডে ২৬১নং হোল্ডিং এর বাড়ী বিক্রয় হইবে। নিম্নে অনুসন্ধান করুন।

শ্রীসুরেন্দ্রনাথ ঘোষ
রঘুনাথগঞ্জ ফাঁসীতলা।



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।

সি, কে, সেনের

# আমলা কেশ তৈল



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

---

## সারিবাদ্যাসব

এর প্রতি ফোঁটাই আপনার রক্তের বিশুদ্ধতা আনবে এবং দেহে নূতন শক্তি ও উৎসাহের সঞ্চার করবে।

### ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও সাধনা ঔষধালয়ের প্রস্তুত

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেণ্ট—শ্রীননীগোপাল সেন, কবিরাজ
আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)

---

প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং **বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি** ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

**সর্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়**

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

# আর্ট ইউনিয়ন

সিটি সেলস অফিস
৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-৯
টেলি: 'আর্ট ইউনিয়ন' কলি:

সেলস অফিস ও শোরুম
৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬
ফোন: ৫৫-৪৩৬৬

---

আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ২৲ দুই টাকা ও মাশুলাদি ১·১৯ এক টাকা উনিশ নয়া পয়সা।

সোল এজেণ্ট:—**ডাঃ ডি, ডি, হাজরা**
ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

---

## আর. পি. ওয়াচ কোং

জঙ্গিপুর পৌরসভার দক্ষিণে
পোঃ রঘুনাথগঞ্জ — জেলা মুর্শিদাবাদ।

ছোট বড় যে কোন ঘড়ি, দেওয়াল ঘড়ি ও হাতঘড়ি সুলভে নির্ভরযোগ্য মেরামতের জন্য আর. পি. ওয়াচ কোং র দোকানে পাঠিয়ে দিন। বিনীত—শ্রীশঙ্করপ্রসাদ ভকত

বিঃ দ্রঃ—আমরা যে কোন কোম্পানীর নূতন ঘড়ি দুই সপ্তাহের মধ্যে ন্যায্য মূল্যে সরবরাহ করিয়া থাকি।

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।